

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।

ক্রমিক নং-০২। লে-আউট।

ক্রমিক নং-০৩। প্রাক্কলন।

বিষয়ঃ- Supply AC spare parts and other necessary items for SWTP.

১.০। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগার একটি দ্বিতীয় শ্রেণীর কে পি আই ত্ত্বক এলাকা। সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে ফেজ-১ ও ফেজ-২ নামে দুটি পৃথক শোধনাগার রয়েছে। সা.পা.শো. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতীব গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান যেখানে প্রতিনিয়তই বিদেশী দাতা সংস্থার প্রতিনিধি সহ দেশী-বিদেশী পরিদর্শকগণ প্ল্যান্ট পরিদর্শনে আসেন। এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী শিক্ষা সফরে আসেন। সা.পা.শো. হতে ঢাকা মহানগরবাসীর নিকট প্রতিনিয়ত প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত পানি সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ গত ২০০২ ইং সালে উদ্বোধন করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার (ফেজ-১) এর অফিস বিন্ডিং এর তৃতীয়তলায় নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ) বিভাগের এসিগুলো প্রায় সময়ে ক্রটি দেখা দিচ্ছে। বর্তমানে এসি ব্যবহারের পরও রুমগুলো ঠান্ডা হচ্ছে না। বেশ কয়েকবার মেরামত করা হলেও পুনরায় একই সমস্যা দেখা দিচ্ছে। উপরোক্ত সমস্যা সমাধানের জন্য কিছু যন্ত্রাংশ পরিবর্তন করা প্রয়োজন। প্রয়োজনীয় যন্ত্রাংশ সরবরাহ, মেরামত ও সার্ভিসিং কাজ জরুরি ভিত্তিতে করা প্রয়োজন।

১.১। আলোচ্য সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে বর্ণিত কাজটি সম্পাদন করা যেতে পারে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

১.২। আলোচ্য সরবরাহ কাজটি পিডব্লিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৩ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ২,৯৭,৪২৩.০৫৬ (দুই লক্ষ সাতানব্বই হাজার চারশত তেইশ দশমিক শূন্য পাঁচ ছয় টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DOFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাঃ প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের খরচা যন্ত্রাংশ খাত হতে নির্বাহ করা হবে। উল্লেখ্য, কাজটি সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৭৪ এবং প্যাকেজ নং- G-36 এ অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০১ দ্রঃ)।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Supply AC spare parts and other necessary items for SWTP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে পদ্ধতিতে এর মাধ্যমে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২,৯৭,৪২৩.০৫৬ (দুই লক্ষ সাতানব্বই হাজার চারশত তেইশ দশমিক শূন্য পাঁচ ছয় টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় খরচা যন্ত্রাংশ খাত হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


22/08/24
মোঃ আরিফুল হাসান
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা


22/08/24
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


22/08/24
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা


22/08/24


22/08/24

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

XEN (Maintenance)